



## -ঃ নিয়োগ বিজ্ঞপ্তি ঃ-

ঢাকা বিশ্ববিদ্যালয় ঃ- বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিম্নলিখিত অফিসের শূন্য পদগুলির নামের পার্শ্বে উল্লেখিত বেতন স্কেল, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে লোক নিয়োগের জন্য আগ্রহী বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে ঃ-

### ১। সমুদ্রবিজ্ঞান বিভাগ

ল্যাভঃ টেকনিশিয়ান টাঃ-১২ ৫০০-৩০২৩০/-বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১ (এক) টি	প্রার্থীকে এস.এস.সি পাশসহ ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ যন্ত্রকৌশল বিষয়ে ডিপ্লোমা পাশ হইতে হইবে। শিক্ষা জীবনে কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়।
---	-----------	--

### ২। ঢাকা বিশ্ববিদ্যালয় প্রেস

(ক) মেশিনম্যান গ্রেড-১ টাঃ-১০২০০-২৪৬৮০/-বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১ (এক) টি	প্রার্থীকে ন্যূনতম এস.এস.সি পাস, গ্রাফিক আর্টস ইনস্টিটিউট/ সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান থেকে ডিপ্লোমা থাকিতে হইবে। প্রার্থীকে দক্ষতার সাথে অফসেট মেশিন চালনা ও তত্ত্বাবধান করে মানসম্পন্ন ছাপা কার্য সম্পন্ন করাসহ অপারেটিং ও মেকানিক্যাল কাজে কোন অফসেট প্রিন্টিং প্রেসে মেশিনম্যান হিসাবে কাজ করার কমপক্ষে ৩(তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। শিক্ষা জীবনে কোন পর্যায়ে ৩য় বিভাগ/ সমমান জিপিএ গ্রহণযোগ্য হইবে না।
(খ) মেশিনম্যান গ্রেড-২ টাঃ-৯৩০০-২২৪৯০/-বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১ (এক) টি	প্রার্থীকে ন্যূনতম এস.এস.সি পাস, গ্রাফিক আর্টস ইনস্টিটিউট/ সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান থেকে ডিপ্লোমা থাকিতে হইবে। প্রার্থীকে দক্ষতার সাথে অফসেট মেশিন চালনা ও তত্ত্বাবধান করে মানসম্পন্ন ছাপা কার্য সম্পন্ন করার, অপারেটিং ও মেকানিক্যাল কাজে দক্ষতা সম্পন্ন এবং প্রধান মেশিনম্যানকে সহায়তা করার জন্য অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে। কোন অফসেট প্রিন্টিং প্রেসে মেশিনম্যান/সহকারী মেশিনম্যান হিসাবে কাজ করার কমপক্ষে ২(দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। শিক্ষা জীবনে কোন পর্যায়ে ৩য় বিভাগ/ সমমান জিপিএ গ্রহণযোগ্য হইবে না।
(গ) প্রফ রিডার গ্রেড-২ টাঃ -৯৩০০-২২৪৯০/-বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	২ (দুই) টি	প্রার্থীকে ন্যূনতম স্নাতক পাস, গ্রাফিক আর্টস ইনস্টিটিউট/ সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান থেকে প্রফ রিডিং-এর উপর ডিপ্লোমা থাকিতে হইবে। কম্পিউটারে বাংলা বা ইংরেজিতে কম্পোজ, গ্রাফিক্স ডিজাইনকৃত বিভিন্ন বিষয়াদি ও ডিজাইন ভুল-ত্রুটি মুক্তভাবে ছাপানোর জন্য প্রফ দেখে স্বাধীনভাবে প্রিন্ট অর্ডার দেয়ার জন্য অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে। স্বনামধন্য কোন পত্রিকা, অফসেট প্রিন্টিং প্রেস বা বিজ্ঞাপনী সংস্থায় প্রফ রিডার হিসাবে কাজ করার কমপক্ষে ২(দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। শিক্ষা জীবনে কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়।

আবেদনকারীকে অবশ্যই আবেদনপত্রে তাহার শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও ডিগ্রি উল্লেখ করিতে হইবে। এইরূপ কোন তথ্য গোপন করিলে বা উল্লেখ না করিলে ভবিষ্যতে তাহার পরীক্ষা পাশের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হইবে না এবং বিধি অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হইবে। ইহাছাড়াও পদোন্নতি নীতিমালায় বর্ণিত পয়েন্ট সুবিধা প্রদান করা হইবে না।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়) এবং সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট ও প্রশংসা পত্রের সত্যায়িত প্রতিলিপিসহ সাদা কাগজে পূর্ণ জীবনবৃত্তান্ত উল্লেখপূর্বক রেজিস্ট্রারের বরাবর লিখিত দরখাস্ত আগামী ২২-০৩-২০১৮ খ্রিষ্টাব্দ/০৮-১২-১৪২৪ বঙ্গাব্দ তারিখের মধ্যে ক্রমিক-১ এর আবেদনপত্র সমুদ্রবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান-এর এবং ক্রমিক-২ এর আবেদনপত্র পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন-এর অফিসে পৌছাইতে হইবে।

চাকুরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল করিতে হইবে।